



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ১২২/২২

তারিখঃ ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আনসার আল ইসলাম” এর একজন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ১৬ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখ ১৩.২০ ঘটিকার সময় বিশেষ অভিযান পরিচালনা করে কুষ্টিয়া সদর থানাধীন এলাকা হতে “আনসার আল ইসলাম” এর একজন সক্রিয় সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম- মো: মাহবুব হোসেন @খুলি কণার মরিচীকা @একাকি কুহেলি @Irina Caligo(১৯), পিতা- মো: ফারুক হুসাইন, মাতা- মোছা: মাসুমা খাতুন, গ্রাম- খোর্দা সাধুয়া, পোস্ট-বরইচারা, থানা- খোকসা, জেলা- কুষ্টিয়া, এ/পি গ্রাম- কাঁঠালডাঙ্গী (হাজি বাড়ি), থানা- কুমারখালি, জেলা- কুষ্টিয়া। সে বর্তমানে ডিগ্রি ১ম বর্ষে অধ্যয়নরত। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১টি এন্ড্রয়েড মোবাইল সেট, ৩ টি সিমকার্ড, ০১ টি মেমোরী কার্ড, ০৩ টি উগ্রবাদী বই ও লিফলেট জব্দ করেছে।

গ্রেফতারকৃত মো: মাহবুব হোসেন @খুলি কণার মরিচীকা @একাকি কুহেলি @Irina Caligo(১৯) সহ তার অন্যান্য সহযোগীরা অনলাইনে জঙ্গীবাদ প্রচারণাসহ রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে তথাকথিত খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। আসামী ও তার অন্যান্য সহযোগীগণ ফেসবুক, ম্যাসেঞ্জারসহ বিভিন্ন এনক্রিপ্টেড অ্যাপস ব্যবহার করে যোগাযোগের মাধ্যমে নিজেদের মধ্যে রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, জনমনে ত্রাস, ভীতি ও জননিরাপত্তা বিপন্ন করার লক্ষ্যে পরিকল্পনা করে আসছিল। এছাড়াও সে নিজেদের মতবাদ প্রচারের মাধ্যমে অনলাইনে “আনসার আল ইসলাম” এর পক্ষে সদস্য সংগ্রহের কাজ করে আসছিল। অন্যদিকে উগ্রবাদী বিভিন্ন বই ও কন্টেন্ট সামাজিক যোগাযোগে প্রচারের মাধ্যমে আগ্রহীদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষাসহ তাদের উগ্রবাদের দিকে আহ্বান করে আসছিল।

গ্রেফতারকৃত মো: মাহবুব হোসেন @খুলি কণার মরিচীকা @একাকি কুহেলি @Irina Caligo(১৯) এর বিরুদ্ধে কুষ্টিয়া সদর থানার মামলা নং-২২, তাং-১৬/১০/২০২২ খ্রি., সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৭(৩)/৮/৯(৩)/১০/১২/১৩ ধারায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

Abu

১৭/১০/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস উইং)

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ, ঢাকা

E-mail: atu.spma@police.gov.bd